# বকলম

১২ বর্ষ ১ম সংখ্যা জানুয়ারি ২০২৪



বকলম

# বকলম

১২ বর্ষ ১ম সংখ্যা জানুয়ারি ২০২৪

জাতীয়তাবাদ বনাম বিশ্বায়ন য়ুভাল নোয়াহ্ হারারি
*অনুবাদ* কৌশিক চক্রবর্তী ৫

হিংসা বিষয়ক আলোচনা: মহাভারত জে এল মেহতা
*অনুবাদ* প্রণব ঘোষ ও পিনাকী সরকার ৩৪

পৌরাণিক জ্যোতিষ শ্রীযোগেশচন্দ্র রায় ৫২

ঐচ্ছিক অব্যয়ের কাহিনি প্রবাল দাশগুপ্ত ৬১

জয়ন্ত ঘোষালের ড্রইং ৮৪-৮৫

নিত্যব্রত দাসের কবিতা ৮৬

দেবর্ষি সারগীর গল্প ওরা ঘুমোয় না ৮৯

চিরন্তন সরকারের কবিতা ৯৮

বিশ্বনাথ পুরকাইতের কবিতা ১০১

হোর্হে এনরিক লাহের গল্প ফিদেল এবং সুপারহিরো
*অনুবাদ* শাশ্বত সিকদার ১০৩

<চিরন্তন সরকারের আলোকচিত্র>

<অলকানন্দা সেনগুপ্তের ভাস্কর্য-চিত্র>

ইতালো ক্যালভিনোর গল্প ও প্রবন্ধগুচ্ছ ১১৮
*অনুবাদ* দেবতোষ মিত্র উজ্জ্বল বন্দ্যোপাধ্যায় সায়ন রায় সুমন্ত পাল

প্রচ্ছদের ভাস্কর্য-চিত্র অলকানন্দা সেনগুপ্ত

বকলম

সম্পাদক সরসিজ বসু
২সি খেলাৎ বাবু লেন কলকাতা ৭০০ ০৩৭ থেকে প্রকাশিত
যোগাযোগ ৯৬৭৪১৪০৩১৬/৯৮৩০৫১১৭৪৩ (বিশ্বনাথ পুরকাইত)
kausiksanyal@gmail.com
sarosijbasu@gmail.com
bpurkait65@gmail.com

১২৫

# হিংসা বিষয়ক আলোচনা: প্রসঙ্গ মহাভারত

জে এল মেহতা

আমার মনে হয়, আজকের ভারতবর্ষে আমরা যে সব সমস্যার সম্মুখীন হয়ে চলেছি তার সঙ্গে মহাভারতের সরাসরি ও প্রত্যক্ষ প্রসঙ্গিকতা খুবই সামান্য। গত একশো বছরে বা তারও বেশি সময় ধরে আমাদের পৃথিবীতে, যেখানে আমরা জীবনযাপন করি, অর্থজাল (network of meaning) সম্পর্কের পরিপ্রেক্ষিতে যে সকল কেন্দ্রীয় সংগঠিত ধারণা ও মতাদর্শের মাধ্যমে আমরা চিন্তা করি এবং যা যৌথভাবে আমাদের জীবন পরিচালনা করে, তার আমূল পরিবর্তন ঘটে গিয়েছে। ভারতের অভ্যন্তরে বা সমগ্র বিশ্বজুড়ে বর্তমানে যে হিংসা সম্পর্কিত সমস্যাগুলি রয়েছে তা নতুন, তাই তাদের সমাধানও নতুন করে ভাবতে হবে এবং এমন ভাষা প্রয়োগের মাধ্যমে সমস্যাগুলিকে তুলে ধরতে হবে যাতে তা বর্তমানে গ্রহণযোগ্য ও অর্থবহ হয়। যুগে যুগে শুধু হিংসার ধরনেরই পরিবর্তন হয় না বরং যার মাধ্যমে আমরা এই হিংসার সমস্যাকে উপলব্ধি করতে চাই, পরিবর্তিত হয় সেই ধারণাগত কাঠামোও। সমাজ এবং সমাজ বিজ্ঞানের ধারণাটি শুধুমাত্র অধ্যয়নের ক্ষেত্র হিসেবেই নয়, এমনকি পাশ্চাত্যেও মানুষের একসঙ্গে বসবাস সম্পর্কে চিন্তা করার একটি পদ্ধতি হিসেবে তুলনামুলকভাবে অভিনব। 'উন্নয়নশীল' শব্দটি এমন কতগুলি নিয়মকে পূর্বানুমান করে, যার আমাদের ঐতিহ্যের সঙ্গে কোনো মিল নেই; যা সাম্প্রতিককালে পাশ্চাত্য ভাবনা থেকে ধার করা হয়েছে এবং এখনো পুরোপুরিভাবে আমাদের ঐতিহ্যের সঙ্গে একীভূত হয়ে উঠতে পারেনি। সাম্প্রতিক কাল পর্যন্ত আমাদের সভ্যতায় মানুষের মধ্যেকার উচ্চ-নীচ (জাত-পাত) সংক্রান্ত যে সামাজিক শৃঙ্খলা বিরাজিত ছিল, তার কেন্দ্রীয় ধর্মীয় নীতিটি অনন্যভাবে ভারতীয় মনুষ্য পদমর্যাদার (Homo Hierarchicus) ধারণার উপর নির্ভরশীল ছিল; লুইস ডুমন্ট (Louis Dumont) যাকে অন্যভাবে বর্ণের ধারণা বলে উল্লেখ করেছেন। আমাদের জীবনের চারটি মূল লক্ষ্য (অর্থ) বা উদ্দেশ্যকে কেন্দ্র করে জীবনের চারটি স্তর (আশ্রম) এর ধারণা, যা কিনা আমাদের জীবনযাপনের প্রত্যক্ষ বা পরোক্ষ নিয়ন্ত্রক, তা নিয়ন্ত্রিত হয় ধর্মশাস্ত্র দ্বারা। পৌরাণিক-ধর্মীয় পরিপ্রেক্ষিত থেকে, সমগ্র মানব সমাজকে সময়ের ব্যবধানে চারটি যুগে ভাগ করা যায়, যেটি